**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৫৫/২০১৭**

**ঢাকা, বৃহস্পতিবার ১৬ মার্চ ২০১৭, ২ চৈত্র ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সুষম উন্নয়নই সরকারের লক্ষ্য : প্রধানমন্ত্রী

২। বঙ্গবন্ধুর আত্মজীবনীর দ্বিতীয় গ্রন্থ প্রকাশ

৩। ড. নুসরাতের চিকিৎসার জন্য ১ কোটি টাকা দিলেন প্রধানমন্ত্রী

৪। মুক্তিযুদ্ধে ভারতের অবদান চিরস্মরণীয়
: মুক্তিযোদ্ধা স্কলারশিপ স্কিমের চেক বিতরণকালে অর্থমন্ত্রী

৫। ই-বাণিজ্যের ক্ষেত্রে ডিজিটাল প্রতারণা বন্ধে হবে কমিটি : বাণিজ্যমন্ত্রী

৬। গ্রামীণ অর্থনীতির উন্নয়নে কাজ করছে সরকার : শিল্পমন্ত্রী

৭। নয়াদিল্লী সম্মেলনে যক্ষ্মা নির্মূলে বাংলাদেশের নানা কর্মসূচি তুলে ধরলেন স্বাস্থ্যমন্ত্রী

৮। সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে জিরো টলারেন্স : স্বরাষ্ট্রমন্ত্রী

৯। বন্ধ ৬০টি রেলস্টেশন আজ থেকে চালু হচ্ছে

১০। সীতাকুণ্ডের জঙ্গি আস্তানায় যৌথ অভিযানে বিপুল বিস্ফোরক উদ্ধার ও দুই জঙ্গি আটক

১১। এটিএম কার্ড জালিয়াতি চক্রের ১১ সদস্য গ্রেফতার

চলমান পাতা-২

১। **সুষম উন্নয়নই সরকারের লক্ষ্য : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সকল খাতের উন্নয়ন করাই বর্তমান সরকারের মূল লক্ষ্য। উন্নয়নের জন্য তার সরকার সব শক্তি নিয়োগ করেছে। দেশের দ্রুত উন্নয়নে সর্বাত্মক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। গতকাল **১৫** মার্চ বুধবার প্রধানমন্ত্রীর সঙ্গে তার কার্যালয়ে ব্রাজিলের বিদায়ী রাষ্ট্রদূত ওয়ানজা ক্যাম্পোস দা নব্রেদা সৌজন্য সাক্ষাত করতে গেলে তিনি এ কথা বলেন। বৈঠক শেষে প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম এ বিষয়ে অবহিত করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪) **ডেইলি স্টার** (পৃ.৩,ক.১)।

২। **বঙ্গবন্ধুর আত্মজীবনীর দ্বিতীয় গ্রন্থ প্রকাশ**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮তম জন্মদিন উপলক্ষে তার আত্মজীবনীর দ্বিতীয় গ্রন্থ প্রকাশিত হয়েছে। ৩৩২ পৃষ্ঠার এই গ্রন্থের শিরোনাম হচ্ছে ‘কারাগারের রোজনামচা’। এতে বঙ্গবন্ধুর **১৯৬৬** সাল থেকে **১৯৬৮** সাল পর্যন্ত কারাস্মৃতি স্থান পেয়েছে। বাংলা একাডেমির মহাপরিচালক শামসুজ্জামান খান গতকাল **১৫** মার্চ বুধবার গণভবনে প্রধানমন্ত্রী ও বঙ্গবন্ধুর জ্যেষ্ঠ  কন্যা শেখ হাসিনা এবং কনিষ্ঠ কন্যা শেখ রেহানার কাছে এই গ্রন্থের কপি হস্তান্তর করেন। এ গ্রন্থ প্রকাশের জন্য বাংলা একাডেমিকে ধন্যবাদ জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বঙ্গবন্ধুর চীন সফর ও আগরতলা ষড়যন্ত্র মামলার ওপর শীঘ্রই আত্মজীবনী প্রকাশিত হবে। শামসুজ্জামান খান বলেন, ‘কারাগারের রোজনামচা’ **১৭** মার্চ আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হবে এবং এরপর বাংলা একাডেমির বুক স্টলগুলোতে তা পাওয়া যাবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৭)।

৩। **ড. নুসরাতের  চিকিৎসার জন্য ১ কোটি টাকা দিলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার ত্রাণ ও কল্যাণ তহবিল থেকে বাংলাদেশ বিমানবাহিনীর স্কোয়াড্রন লিডার মো. মাহমুদুল হাসানের স্ত্রী ড. সাবরিনা নুসরাতের চিকিৎসার জন্য **১** কোটি টাকার আর্থিক সহায়তা দিয়েছেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম জানান, প্রধানমন্ত্রী গতকাল **১৫** মার্চ বুধবার তার কার্যালয়ে ড. নুসরাতের কাছে উক্ত টাকার একটি চেক হস্তান্তর করেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৪), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **অবজারভার** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬)।

৪। **মুক্তিযুদ্ধে ভারতের অবদান চিরস্মরণীয় : মুক্তিযোদ্ধা স্কলারশিপ স্কিমের চেক বিতরণকালে অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, মুক্তিযুদ্ধে প্রতিবেশি রাষ্ট্র ভারতের অবদান ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে। একাত্তরে প্রায় এক কোটির বেশি শরণার্থীকে নিরাপদ আশ্রয়, খাদ্য সহায়তা, প্রশিক্ষণ ও অস্ত্র দিয়ে ভারতের জনগণ পরম বন্ধুত্বের পরিচয় দিয়েছে। নতুন  প্রজন্মকে সেই ইতিহাস জানানো সবার নৈতিক দায়িত্ব। গতকাল **১৫** মার্চ বুধবার রাজধানীর জাতীয় জাদুঘরের প্রধান মিলনায়তনে ঢাকাস্থ ভারতীয় হাইকমিশন ও মুক্তিযুদ্ধ একাডেমির যৌথ আয়োজনে মুক্তিযোদ্ধা স্কলারশিপ স্কিমে’র চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (পৃ.২,ক.৪)।

৫। **ই-বাণিজ্যের ক্ষেত্রে ডিজিটাল প্রতারণা বন্ধে হবে কমিটি : বাণিজ্যমন্ত্রী**

প্রচলিত বাণিজ্যের পাশাপাশি দেশে ই-বাণিজ্য বেশ জনপ্রিয় হয়ে উঠেছে। এ ক্ষেত্রে যাতে ভোক্তারা অধিকার বঞ্চিত না হয়, সে জন্য সরকার সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের নিয়ে কমিটি গঠন করবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তবে ভোক্তাদের অধিকার সুরক্ষায় নিজেদেরও সচেতন থাকতে হবে বলে তিনি জানান। গতকাল **১৫** মার্চ বুধবার রাজধানীর টিসিবি মিলনায়তনে ‘বিশ্ব ভোক্তা অধিকার দিবস-২০১৭’ উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতর ও কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) এ সেমিনারের আয়োজন করে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **সমকাল** (পৃ.৩,ক.৭), **সংবাদ** (পৃ.১৪,ক.১)।

৬। **গ্রামীণ অর্থনীতির উন্নয়নে কাজ করছে সরকার : শিল্পমন্ত্রী**

দেশের গ্রামীণ অর্থনীতির উন্নয়নে সরকার কাজ করছে বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তিনি বলেন, সরকার টেকসই ও পরিবেশবান্ধব শিল্পায়নের জন্য অঙ্গীকারবদ্ধ। এই লক্ষ্য বাস্তবায়নে সরকার গ্রামীণ অর্থনীতির উন্নতিতে কাজ করছে। গ্রামীণ অর্থনীতির উন্নতি হলে দেশের প্রকৃত উন্নতি হবে। আর এসএমই মেলার মাধ্যমে নতুন উদ্যোক্তারা আরও উৎসাহিত হবেন, যা পণ্য বৈচিত্র্যকরণে সহায়ক ভূমিকা পালন করবে বলে



মনে করেন তিনি। গতকাল **১৫** মার্চ বুধবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ‘জাতীয় এসএমই মেলা-২০১৭’ উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.২), **অবজারভার** (পৃ.১৭,ক.১), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.৫)।

**৭। নয়াদিল্লী সম্মেলনে যক্ষ্মা নির্মূলে বাংলাদেশের নানা কর্মসূচি তুলে ধরলেন স্বাস্থ্যমন্ত্রী**

যক্ষ্মা চিকিৎসায় বাংলাদেশের গৃহীত স্বল্পমেয়াদী পদ্ধতি বিশ্বের বিভিন্ন দেশে অনুসরণ করার পরামর্শ দেওয়ার আগ্রহ দেখিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। গতকাল **১৫** মার্চ বুধবার ভারতের নয়াদিল্লীতে দক্ষিণ পূর্ব এশিয়ায় যক্ষ্মা নির্মূলের লক্ষ্যে স্বাস্থ্যমন্ত্রীদের সম্মেলনের উদ্বোধনী দিনে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম তার বক্তৃতায় বাংলাদেশের গৃহীত বিভিন্ন কর্মসূচির কথা তুলে ধরেন। তার বক্তব্য শুনে সম্মেলনে অংশগ্রহণকারী বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং বিভিন্ন দেশের মন্ত্রী ও প্রতিনিধিগণ এ বিষয়ে আগ্রহ প্রকাশ করেন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, মালটি ড্রাগ্স রেজিস্টেন্স যক্ষ্মা রোগীদের ক্ষেত্রে বাংলাদেশই প্রথম এই অঞ্চলে স্বল্পমেয়াদী চিকিৎসা পদ্ধতি গ্রহণ করে শতকরা ৮৫ ভাগ সাফল্য অর্জন করতে সক্ষম হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** ( শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.২)।

**৮। সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে জিরো টলারেন্স : স্বরাষ্ট্রমন্ত্রী**

সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে জিরো টলারেন্সের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। এছাড়াও তিনি জানিয়েছেন বাংলাদেশের মাটিতে বসে প্রতিবেশি ছাড়াও বিশ্বের কোনো দেশের বিরুদ্ধেই জঙ্গি ও সন্ত্রাসী কার্যক্রম পরিচালনা করতে দেওয়া হবে না। গতকাল **১৫** মার্চ বুধবার দিল্লীতে সন্ত্রাস ও জঙ্গিবাদ বিরোধী আন্তর্জাতিক এক সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৩)।

**৯। বন্ধ ৬০টি রেলস্টেশন আজ থেকে চালু হচ্ছে**

জনবল সংকটের কারণে দীর্ঘদিন ধরে বন্ধ থাকা **১৪০**টি রেলস্টেশনের মধ্যে আজ **১৬** মার্চ বৃহস্পতিবার প্রথম ধাপে ৬০টির কার্যক্রম শুরু হতে যাচ্ছে। নরসিংদীর পলাশের ঘোড়াশাল রেলস্টেশন থেকে একযোগে স্টেশনগুলো চালু করবেন রেলমন্ত্রী মুজিবুল হক। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১০,ক.৪), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৫)।

**১০। সীতাকুণ্ডের জঙ্গি আস্তানায় যৌথ অভিযানে বিপুল বিস্ফোরক উদ্ধার ও দুই জঙ্গি আটক**

চট্টগ্রামের সীতাকুণ্ডে দুটি জঙ্গি আস্তানার সন্ধান পেয়েছে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। এর মধ্যে একটি আস্তানা থেকে বিপুল পরিমাণ বিস্ফোরক দ্রব্য উদ্ধার করা হয়। আটক করা হয় দুই জঙ্গিকে। গতকাল **১৫** মার্চ বুধবার সীতাকুণ্ড পৌরসভার পশ্চিম আমিরাবাদ এলাকার সাধন কুটির নামে দোতলা ভবনের নিচতলা থেকে তাদের আটক করা হয়। আটক দু'জনের বাড়ি কক্সবাজার জেলার টেকনাফ উপজেলায় বলে জানিয়েছে পুলিশ। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **যুগান্তর** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

**১১। এটিএম কার্ড জালিয়াতি চক্রের ১১ সদস্য গ্রেফতার**

আমেরিকা, কানাডা, যুক্তরাজ্যসহ বিভিন্ন দেশে অবস্থানকারী আন্তর্জাতিক কার্ড জালিয়াতি চক্রের সদস্যদের সঙ্গে যোগসাজশে বিদেশি লোকদের আন্তর্জাতিক এটিএম কার্ড হ্যাক করতো একটি বিদেশি চক্র। হ্যাকিং করা কার্ড নাম্বার বাংলাদেশি চক্রের কাছে প্রেরণ করলে তারা কম্পিউটারে প্রোগ্রামিং এর মাধ্যমে ওই নাম্বারে প্রবেশ করিয়ে কার্ডটি ব্যবহার উপযোগী করে। পরে শপিংমলের কিছু ব্যবসায়ীর দোকান কিংবা ব্যবসা প্রতিষ্ঠানে রাখা ব্যাংকের কার্ড পাঞ্চ করার মেশিনে ব্যবহার ও লেনদেন করতো। অবশেষে রাজধানীর বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে পাঁচ দোকানিসহ চক্রের ১১ সদস্যকে গ্রেফতার করে র‌্যাব-১০। গতকাল ১৫ মার্চ বুধবার র‌্যাবের মিডিয়া সেন্টারে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইংয়ের পরিচালক কমান্ডার মুফতি মাহমুদ খান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** আনুষ্ঠানিক খাতে কর্মসংস্থানের হার বাড়াতে কারিগরি শিক্ষাকে প্রাধান্য দিয়ে কারিগরি শিক্ষার বিকাশ এবং সেই শিক্ষা-সংশ্লিষ্ট কর্মমুখী খাতে সরকারি-বেসরকারি বিনিয়োগ বৃদ্ধি জরুরি বলে অভিমত।

খ. **সংবাদ :** আন্তর্জাতিক শ্রম সংস্থার নির্দেশনা মোতাবেক বাংলাদেশে পোশাক শিল্পে নিরাপদ কর্মপরিবেশ তৈরি করতে গার্মেন্টস মালিকদের বাধ্য করতে সরকারকে যথোপযুক্ত ভূমিকা পালনের আহ্বান।

গ. **জনকণ্ঠ :** উচ্চশিক্ষার বেহাল অবস্থা তুলে ধরে সুলভে মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত না হলে মেধাবী ও মানসম্পন্ন জাতি গঠন বাধাগ্রস্ত হয়ে দেশের ক্ষতি হওয়ার আশঙ্কা প্রকাশ।

ঘ. **প্রথম আলো :** পুলিশ প্রধানদের সম্মেলনে জঙ্গিবাদসহ আন্তদেশীয় অপরাধ দমনে একে অপরের সঙ্গে আইসিটি নেটওয়ার্কে যুক্ত থাকার ঘোষণা খুবই গুরুত্বপূর্ণ বলে উল্লেখ করে অপরাধ দমনে পারস্পরিক সহযোগিতার বিকল্প নেই বলে অভিমত।

ঙ. **সমকাল :** নিষিদ্ধ ঘোষিত জঙ্গীগোষ্ঠীর সম্পদ বাজেয়াপ্ত করার পাশাপাশি জঙ্গিবান্ধব হিসেবে সন্দেহভাজন আর্থিক ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোর কর্মকান্ডেও কড়া নজরদারি প্রয়োজন বলে মন্তব্য ।

চ. **যুগান্তর :** জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর নকল ওষুধ ও ভেজাল দ্রব্যের বিরুদ্ধে ওষুধ প্রশাসন ও ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরসহ সবাইকে যথাযথ ভূমিকা পালনের আহ্বান।

ছ. **যায়যায়দিন, সংবাদ :** নারী নির্যাতন বিষয়ে বেসরকারি সংস্থা ব্রাকের প্রকাশিত প্রতিবেদনের পরিপ্রেক্ষিত নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সরকারকে কার্যকর উদ্যোগ নেওয়ার পাশাপাশি পরিবার ও সমাজের সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান।

জ. **ইন্ডিপেনডেন্ট :** বিনা মূল্যে বিভিন্ন ধরনের সাইবার অপরাধ মামলায় সহযোগিতা করতে এগিয়ে আসা বেসরকারি স্থানীয় সংস্থা ইনসাইট বাংলাদেশ ফাউন্ডেশন, আইবিএফ এর ১০ আইনজীবীর সমন্বয়ে গঠিত হেল্পলাইনের সাফল্যের প্রত্যাশা করে এ কাজে সরকারকেও তার কর্মক্ষমতা বৃদ্ধিতে সহযোগিতা করার আহ্বান।

জ. **ডেইলি স্টার, নিউ এজ, ইনকিলাব, যুগান্তর :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজয় একাত্তর হলের নিয়ন্ত্রণ নিতে একটি ছাত্র সংগঠনের কর্মকাণ্ডের সমালোচনা করে এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও সরকারকে আরও দায়িত্বশীল হওয়ার প্রত্যাশা।

ঝ. **নিউজ টুডে :** বিভিন্ন সংস্থার উন্নয়ন কর্মকান্ডের ধুলায় রাজধানীর বায়ু মারাত্মক দূষিত হয়ে জনজীবনের জন্য হুমকি হয়ে পড়ায় যথাযথ কর্তৃপক্ষকে এ ব্যাপারে জরুরি ভিত্তিতে কার্যকর উদ্যোগ নেওয়ার আহ্বান করে সম্পাদকীয় প্রকাশ করেছে। ।

## উপ-সম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে গাইড বই ও কোচিং সেন্টারের দাপটে ছাত্র-ছাত্রীরা ‘পাস’ করছে, অনেকে ‘ভালো ফল’ করছে কিন্তু তাদের জ্ঞানের ভান্ডার থাকছে ন্যূনতম চাহিদার তুলনায় কম বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **‘মা ও শিশু স্বাস্থ্য রক্ষায় বন্ধু চুলা’** শিরোনামের নিবন্ধে ফখরুল ইসলাম হারুন বাংলাদেশের মতো জনবহুল দেশে শিশু ও মাতৃস্বাস্থ্যসহ সার্বিক দিক বিবেচনায় পরিবেশবান্ধব বন্ধু চুলার ব্যবহার অত্যন্ত জরুরি। সেজন্য এ চুলা ব্যবহারের উপকারিতা সম্পর্কে মানুষের মধ্যে সচেতনতা বাড়াতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা